# সুনামগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি

ওয়েজখালী, সুনামগঞ্জ।

Tel: 0871-62931/62930, Mob: 01769-400075, E-Mail : sunampbs@gmail.com


স্মারক নং- ২৭.১২.৯০৮৯.৫৬২.০১.০৩৮.২১. ১০২৭

তারিখঃ- ২৬ ফাল্গুন' ১৪২৭ বঙ্গাব্দ
১১ মার্চ ২০২১ খ্রিস্টাব্দ

**বিষয় ঃ-কম্পিউটারাইজড বিদ্যুৎ বিল ফরম ক্রয়ের রিকুয়েষ্ট ফর কোটেশন (RFQ) আহবান প্রসঙ্গে।**

নিম্নবর্ণিত স্পেসিফিকেশান অনুযায়ী কম্পিউটারাইজড বিদ্যুৎ বিল ফরম ক্রয়ের জন্য সুনামগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক পবিস-এর নিজস্ব তহবিলের আওতায় বাংলাদেশী প্রকৃত উৎপাদনকারী/ছাপাখানা/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব লেটারহেড প্যাডে সীলমোহরকৃত রিকুয়েষ্ট ফর কোটেশান (RFQ) আহবান করা যাচ্ছে।

| ক্র/নং | বিবরণ | আরইবি ফরম নং | পরিমান | একক মূল্য | মোট মূল্য |
|---|---|---|---|---|---|
| ০১. | **কম্পিউটারাইজড বিদ্যুৎ বিল ফরম ঃ**<br>**সাইজ ঃ**- ১১´´× ৮.৫০´´ ( চলমান কাগজ)।<br>**কাগজ ঃ**- ৭০ জি, এস, এম চলমান কাগজ (Continous Paper) দ্বারা তৈরী, চলামান বিল পৃষ্ঠার বামের ও ডানের ট্রাক্টরের ছিদ্র সমূহ একটি স্ট্যান্ডার্ড ফরমেট হতে হবে যাতে ছিদ্র সমূহে কোন ডাষ্ট না থাকে (১০০% ডাষ্ট ফ্রি)।<br>**মুদ্রনে ব্যবহৃত কালি ঃ**- অনুমোদিত নমুনা ফরমেট অনুযায়ী উন্নত মানের অফসেট কালি দ্বারা হুবুহু প্রিন্টিং ও সরবরাহ করতে হবে।<br>**মুদ্রিত বিষয় ঃ**- প্রথম পৃষ্ঠার কিছু আইটেম শিরোনাম বিজ্ঞপ্তি সমূহ সকলের দৃষ্টি আকর্ষনের জন্য লাল কালি দ্বারা প্রিন্টিং করতে হবে। মুদ্রনের অক্ষর স্পষ্ট হইতে হবে। অপর পৃষ্টায় ফরমের পাদদেশে সরবরাহকারী/মুদ্রন প্রতিষ্ঠানের নাম, কার্যাদেশ নং ও কার্যাদেশের তারিখ মুদ্রিত থাকতে হবে। প্রথম কপিতে অপর পৃষ্টায় নমুনা মোতাবেক নির্দেশাবলী ও অত্র পল্লী বিদ্যুৎ সমিতির সকল অফিসের ফোন নম্বর উল্লেখ করতে হবে। অন্যান্য অংশ নমুনা মোতাবেক হতে হবে।<br>**ডেলিভারী প্যাকিং ঃ**- প্রতি প্যাকেটে ২০০০ টি শীট থাকতে হবে। প্যাকিং ব্যতিত মুদ্রিত ও ছিদ্রযুক্ত ২০০০ টি শীটের ওজন সর্বনিম্ন ৯.৩৩ কেজি হবে এবং বিল ফরম বিলিং সফটওয়্যারের সহিত হুবুহু মিল থাকতে হবে (নমুনানুযায়ী)। | ২০২ | ৫,৫৪,,০০০ কপি ( পাঁচ লক্ষ চুয়ান্ন হাজার ) | | |
| | মোট- | | | | |

**মোট টাকা (কথায়) -**

০১. রিকুয়েষ্ট ফর কোটেশান (RFQ) জমা দেয়ার তারিখ ও সর্বশেষ সময় ঃ- ১৮/০৩/২০২১ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার দুপুর ২.০০ ঘটিকা পর্যন্ত।

০২. RFQ জমা দেয়ার স্থান ঃ (ক) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন (৯ম তলা), খিলক্ষেত, ঢাকা অথবা (খ) সুনামগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর, ওয়েজখালী, সুনামগঞ্জ।

০৩. RFQ খোলার তারিখ, সময় ও স্থান ঃ একই দিন অর্থাৎ ১৮/০৩/২০২১ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার দুপুর ২.০৫ ঘটিকার সময় (যেখানে দরপত্র দাখিল হবে সেই সকল স্থানে) অর্থাৎ পরিচালক, পবিস মনিটরিং ব্যঃ ও পঃ (পূর্বাঞ্চল) পরিদপ্তর, ৯ম তলা, বাপবিবো, ঢাকা ও সুনামগঞ্জ পবিস, ওয়েজখালী, সুনামগঞ্জ-এ উপস্থিত দরদাতাগণের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

**শর্তাবলী ঃ-**

০১. দরপত্রের উদ্ধৃত্ত একক দর এবং মোট দর স্পষ্টাক্ষরে লিখতে হবে। দরপত্রে কোন প্রকার কাটাকাটি/ওভার রাইটিং গ্রহনযোগ্য হবে না। দরপত্র সঠিক ভাবে পূরণ করতঃ প্রতিষ্ঠানের মালিক অথবা ক্ষমতা প্রাপ্ত প্রতিনিধিকে দরপত্রে স্বাক্ষর করতে হবে।

০২. সর্বোতভাবে রেসপনসিভ সর্বনিম্ন দরদাতাকে কার্যাদেশ প্রদান করা হবে। কার্যাদেশ প্রাপ্তির ১৫ (পনের) দিনের মধ্যে মালামাল নিজ খরচে সুনামগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি সদর দপ্তর, ওয়েজখালী, সুনামগঞ্জ-এ সরবরাহ করতে হবে।

০৩. বিল ফরম ৭০ জি, এস, এম চলমান কাগজ (Continous Paper) দ্বারা তৈরী, চলামান বিল পৃষ্ঠার বামের ও ডানের ট্রাক্টরের ছিদ্র সমূহ একটি স্ট্যান্ডার্ড ফরমেট হতে হবে যাতে ছিদ্র সমূহে কোন ডাষ্ট না থাকে (১০০% ডাষ্ট ফ্রি)। অনুমোদিত নমুনা ফরমেট অনুযায়ী উন্নত মানের অফসেট কালি দ্বারা হুবুহু প্রিন্টিং ও সরবরাহ করতে হবে। প্রথম পৃষ্ঠার কিছু আইটেম শিরোনাম বিজ্ঞপ্তি সমূহ সকলের দৃষ্টি আকর্ষনের জন্য লাল কালি দ্বারা প্রিন্টিং করতে হবে। মুদ্রনের অক্ষর স্পষ্ট হতে হবে। অপর পৃষ্টায় ফরমের পাদদেশে সরবরাহকারী/মুদ্রন প্রতিষ্ঠানের নাম, কার্যাদেশ নং ও কার্যাদেশের তারিখ মুদ্রিত থাকিতে হবে। প্রথম কপিতে অপর পৃষ্টায় নমুনা মোতাবেক নির্দেশাবলী ও অত্র পল্লী বিদ্যুৎ সমিতির সকল অফিসের ফোন নম্বর উল্লেখ করতে হবে। অন্যান্য অংশ নমুনা মোতাবেক হতে হবে।

০৪. প্রতি প্যাকেটে ২০০০ টি শীট থাকতে হবে। প্যাকিং ব্যতিত মুদ্রিত ও ছিদ্রযুক্ত ২০০০ টি শীটের ওজন সর্বনিম্ন ৯.৩৩ কেজি হবে। এবং বিল ফরম বিলিং সফটওয়্যারের সহিত হুবুহু মিল থাকতে হবে (নমুনানুযায়ী)।

০৫. দরপত্রে উদ্বৃত্ত একক দর ও মোট দর স্পষ্ট অক্ষরে লিখতে হবে। কোন প্রকার কাটাকাটি ঘষামাজা এবং ফ্লুইড ব্যবহার গ্রহণযোগ্য হবে না। দরপত্রে একক দর ও মোট উদ্বৃত্ত দরের মধ্যে কোন গাণিতিক ভুল থাকিলে সর্ব ক্ষেত্রে একক দর গ্রহনযোগ্য দর হিসাবে বিবেচনা করা হবে।

০৬. দরপত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর ক্লিয়ারেন্স সনদ, ভ্যাট রেজিষ্টেশন সনদ, ব্যাংক সলভেন্সী সনদ ও অভিজ্ঞতার সনদ এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।

০৭. খামের উপর "কম্পিউটারাইজড বিদ্যুৎ বিল ফরম সরবরাহের দরপত্র" কথাটি স্পষ্টকারে লিখতে হবে। অসম্পূর্ন দরপত্র বাতিল বলে গণ্য হবে।

০৮. কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে নিজ দায়িত্বে ও নিজ খরচে সমিতির সদর দপ্তরে বিল ও চালানসহ বিল ফরম সরবরাহ করতে হবে। সরবরাহকৃত মালামালের গুনগত মান (স্পেসিফিকেশন ও নমুনা মোতাবেক) সন্তোষজনক হওয়া সাপেক্ষে অত্র সমিতি কর্তৃক চেক মারফত সরাসরি বিল পরিশোধ করা হবে।

০৯. সরকারী নিয়মানুযায়ী উদ্বৃত্ত মূল্যের উপর ভ্যাট ও আয়কর কর্তন করা হবে।

১০. কর্তৃপক্ষ প্রয়োজন মনে করলে কার্য্যাদেশ প্রদানের সময় মালামালের পরিমাণ ২০% কম/বেশি করতে পারবেন।

১১. নিরাপত্তা জামানত হিসাবে মোট কার্যাদেশ মূল্যের ১০% কর্তন করে রাখা হবে। মালামালের গুনগতমান সন্তোষ জনক হলে ০৩ (তিন) মাস পর তা ফেরত প্রদান করা হবে।

১২. কার্যাদেশে উল্লেখিত তারিখের মধ্যে কাজ সম্পাদন করতে হবে। যথাসময়ে তা করতে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য কার্যাদেশ মূল্যের ১% এর ১/১০ অংশ হিসাবে কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট কার্যাদেশ মূল্যের ১০%(দশ শতাংশ) এর অধিক হবে না। অন্যথায় কার্যাদেশ বাতিল পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৩. দরপত্রে উল্লেখ নাই এমন বিষয়ে সমস্যার উদ্ভব হলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে বিবেচিত হবে। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার সকল ক্ষমতা সমিতি কর্তৃপক্ষ সংরক্ষন করেন।

(সুজিত কুমার বিশ্বাস)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)

অনুলিপিঃ (সদয় অবগতি ও নোটিশ বোর্ডে বহুল প্রচারের অনুরোধ সহ)

০১. পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০২. জেলা প্রশাসক/পুলিশ সুপার, সুনামগঞ্জ।
০৩. নির্বাহী প্রকৌশলী, প্রকল্প বিভাগ, বাপবিবো, সুনামগঞ্জ।
০৪. জেনারেল ম্যানেজার, ................................... পবিস-১/২/৩/৪।
০৫. ডিজিএম, ছাতক জোনাল অফিস/সদর-কারিগরী, সুনামগঞ্জ পবিস।
০৬. এজিএম (ওএন্ডএম), বিশবম্ভরপুর/দিরাই/জগন্নাথপুর/দঃ সুনামগঞ্জ সাব-জোনাল অফিস, সুনামগঞ্জ পবিস।
০৭. এজিএম (অর্থ/সদস্য সেবা/ওএন্ডএম/ইএন্ডসি), সুনামগঞ্জ পবিস।
০৮. জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি-১), সুনামগঞ্জ পবিস। (ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহনের নির্দেশ সহ)।
০৯. নোটিশ বোর্ড, সদর দপ্তর, সুনামগঞ্জ পবিস।
১০. অফিস/মাস্টার কপি।

সুজিত কুমার বিশ্বাস
জেনারেল ম্যানেজার(চঃ দাঃ)